ঝালকাঠি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড
নিবন্ধন নং ৫৫-কেডি, তারিখঃ-২৫/১১/১৯৮৪খ্রি.
গ্রাম/মহল্লাঃ ঝালকাঠি সদর, ডাকঘরঃ ঝালকাঠি
উপজেলাঃ ঝালকাঠি সদর, জেলাঃ ঝালকাঠি।

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫ খ্রি.।

এতদ্বারা ঝালকাঠি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড এর সকল সদস্য সমিতি ও সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অন্তরবর্তী ব্যবস্থাপনা কমিটির বিগত ১৫/০৫/২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৭/০৭/২০২৫ খ্রি. তারিখ রোজ বৃহস্পতি বার সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতীহীনভাবে ঝালকাঠি সদর ইউসিসিএ লিমিটেড এর (বিআরডিবি)দ্বিতীয় তলায় অনুষ্ঠিতব্য বিশেষ সাধারন সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সমিতির সমগ্র নির্বাচনী এলাকার সদস্য সমিতির যোগ্য প্রতিনিধিগণের সরাসরি ভোটে ০১(এক)জন সভাপতি,০১(এক) জন সহ-সভাপতি এবং ০৪ টি নির্বাচনী এলাকা হতে ০২ জন সদস্য নির্বাচিত হবেন। নিবন্ধক (জেলা সমবায় কর্মকর্তা) ঝালকাঠি মহোদয়ের আদেশ নং- ৪৭.৬১.৪২০০.০০০.১১.০০২.৮২.৩২০, তারিখ: ২২/০৫/২০২৫ খ্রি. মূলে নিয়োগকৃত নির্বাচন কমিটি কর্তৃক সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩) এর সংশ্লিষ্ট ধারা ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০)এর ২৭(১) বিধি অনুযায়ী নিম্নোক্তভাবে নির্বাচনী তফসিল ঘোষনা করা হ'লঃ

## নির্বাচনী তফসিল-২০২৫ খ্রি.।

| ক্র.নং | কর্মসূচী সমূহ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | মনোনয়নপত্র প্রাপ্তি/বিতরন; | ১৯.০৬.২০২৫ খ্রি. ও ২২.০৬.২০২৫ খ্রি. | সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর, ঝালকাঠি। |
| ০২ | মনোনয়নপত্র দাখিল/গ্রহণ; | ২৩.০৬.২০২৫ খ্রি. | সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর, ঝালকাঠি। |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই; | ২৫.০৬.২০২৫ খ্রি. | সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর, ঝালকাঠি। |
| ০৪ | প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ; | ২৬.০৬.২০২৫ খ্রি. | বিকাল ৪.০০ টা | উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর, ঝালকাঠি। |
| ০৫ | আপীল আবেদন দাখিল; | ২৯.০৬.২০২৫খ্রি.ও ৩০.০৬.২০২৫ খ্রি. | অফিস চলাকালীন সময় | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়,বরিশাল। |
| ০৬ | নিবন্ধক মহোদয় কর্তৃক আপত্তি/ আপীল শুনানী গ্রহন ও সিদ্ধান্ত প্রদান; | ০১.০৭.২০২৫ খ্রি. ০২.০৭.২০২৫ খ্রি. ০৩.০৭.২০২৫ খ্রি. | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়,বরিশাল। |
| ০৭ | বৈধ প্রার্থী তালিকা প্রকাশ; | ০৭.০৭.২০২৫ খ্রি. | বিকাল ৪.০০ টা | উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর, ঝালকাঠি। |
| ০৮ | প্রার্থীতা প্রত্যাহার; | ০৮.০৭.২০২৫ খ্রি. | সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর, ঝালকাঠি। |
| ০৯ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ; | ০৯.০৭.২০২৫ খ্রি. | বিকাল ৪.০০ টা | উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর, ঝালকাঠি। |
| ১০ | প্রতীক বরাদ্দ; | ১০.০৭.২০২৫ খ্রি. | সকাল ১১.০০ হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর, ঝালকাঠি। |
| ১১ | ভোট গ্রহণ; | ১৭.০৭.২০২৫ খ্রি. | সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | বিআরডিবি ভবনের দ্বিতীয় তলায়। |
| ১২ | ভোট গণনা; | ১৭.০৭.২০২৫ খ্রি. | ভোট গ্রহনের পর | বিআরডিবি ভবনের দ্বিতীয় তলায়। |
| ১৩ | নির্বাচনী ফলাফল প্রকাশ। | ১৭.০৭.২০২৫ খ্রি. | ভোট গননার পর | বিআরডিবি ভবনের দ্বিতীয় তলায়। |

চলমান পাতা-১

১৬/০৬/২৫ ১৬/০৬/২৫ 16.06.2025

**<u>*নির্বাচন কমিটি কর্তৃক বরাদ্দকৃত প্রতীক সমুহ:-</u>**

<u>সভাপতি পদের জন্য</u> :চেয়ার, ছাতা আনারস, আম ও হরিণ।

সহ-সভাপতি পদের জন্য :টেলিভিশন, হারিকেন, মাছ ও মোটর সাইকেল।

সদস্য পদের জন্য (নির্বাচনী এলাকা/ ব্লক: ক হইতে ঘ) :পদ্মফুল,ঘুড়ি,কলস,মোবাইল, মই ,বই ,কলস ও মোরগ।

**বি.দ্র. প্রার্থীর সংখ্যা প্রতীক সংখ্যার চেয়ে অধিক হলে নির্বাচন কমিটি প্রয়োজনে অতিরিক্ত প্রতীক বরাদ্দ দিতে পারিবে।**

**<u>*নির্বাচনে প্রার্থী ও ভোটারদের জ্ঞাতব্য বিষয়াদি:</u>**

০১। নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্র ব্যতীত অন্য কোন প্রকারের মনোনয়নপত্র বা তার ফটোকপি গ্রহণযোগ্য হবে না। উপজেলা সমবায় কার্যালয় ঝালকাঠি সদর, ঝালকাঠি হতে সংশ্লিষ্ট পদে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মূল্য পরিশোধ পূর্বক মনোনয়নপত্র প্রার্থী নিজে কিংবা প্রতিনিধির মাধ্যমে সংগ্রহ করতে পারবেন।

**০২। <u>মনোনয়নপত্রের মূল্য (অফেরৎযোগ্য):</u>**

ক) সভাপতি পদের জন্য : ৫০০০.০০ (পাঁচ হাজার)টাকা;

খ) সহ-সভাপতি পদের জন্য : ৩০০০.০০ (তিন হাজার) টাকা;

গ) সদস্য পদের জন্য : ২০০০.০০ (দুই হাজার) টাকা।

সংশ্লিষ্ট পদের নির্ধারিত ফরমের মূল্য পরিশোধ পূর্বক মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে এবং মনোনয়নপত্র জমাদানের সময় মনোনয়নপত্র ক্রয়ের রশিদ সংযুক্ত করতে হবে।

০৩। ঝালকাঠি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড এর ১৭/০৭/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটিরনির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সহ-সভাপতি, এবং সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করারজন্য সংশ্লিষ্ট সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রতিনিধিদের ক্ষমতা প্রদান করতে হবে। উক্ত ক্ষমতাপ্রদান বিষয়ে সংশ্লিষ্ট সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের অনুলিপি এবং প্রতিনিধির সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি কর্তৃক সত্যায়িত হতে হবে এবংজেলা/সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৪।ঝালকাঠি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট প্রতিনিধি সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর১৮(৮) ও ১৯(২) ধারা ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত ২০২০) এর ২২(২) ও ২৪ বিধি এবং ব্যাংকের উপ -আইন অনুযায়ী যোগ্য কিনা, সে বিষয়ে সমিতি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তে আবশ্যিকভাবে সুস্পষ্ট করে উল্লেখ করতে হবে এবং তা জেলা/সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তা*কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা বিষয়টি নিশ্চিত হয়ে প্রতিস্বাক্ষর করবেন। প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা প্রতিস্বাক্ষরের সময় নামসহ সীল ব্যবহার করতে হবে। প্রতিস্বাক্ষরিত কাগজপত্রের ছায়ালিপি তাঁর কার্যালয়ে সংরক্ষন করতে হবে।

০৫। সমিতি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সদস্য বা প্রতিনিধির নিকট সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত ২০২০) এর ৩৩(২) বিধি দ্রষ্টব্য, ফরম-৮ মোতাবেক নির্ধারিত ছকে পরিচয়পত্র থাকতে হবে।পরিচয়পত্র সংশ্লিষ্ট সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা/সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। পরিচয়পত্রে সংশ্লিষ্ট সমিতির সীলমোহরসহ মোবাইল নম্বর অবশ্যই থাকতে হবে এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নামসহ সীল ব্যবহার করতে হবে।প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা বিষয়টি নিশ্চিত হয়ে প্রতিস্বাক্ষর করবেন।

চলমান পাতা-২

১৬/০৬/২৫ ১৬/০৬/২৫ 16.06.2025

০৬। মনোনয়নপত্র নির্ভূলভাবে পূরণ করত: তফসিল মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে প্রার্থী নিজে কিংবা লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট সরাসরি দাখিল করতে হবে। মনোনয়নপত্রে প্রার্থীর স্বাক্ষর সদস্য সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত হতে হবে এবং জেলা বা সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং তাতে সমিতির সীল থাকতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে প্রেরিত বা অন্য কোন পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়নপত্র গ্রহনযোগ্য হবে না ।

০৭। প্রার্থীকে সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৮) ও ১৯ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ২২(২) ও ২৪ বিধি ও সমিতির উপ আইন মোতাবেক নির্বাচনে অংশগ্রহণের যোগ্যতা থাকতে হবে।

০৮। নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী সমিতির ঋণ খেলাপী/জামিনদার খেলাপী হলে মনোনয়নপত্র জমাদানের পূর্বে তা পরিশোধ করে প্রমাণকসহ মনোনয়নপত্র জমা দিতে হবে।

০৯। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা অধিক হলে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে।একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবে।

১০। মনোনয়নপত্রের সাথে নিম্নোক্ত দলিলাদি সংযুক্ত করতে হবে (সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুসরন পূর্বক):

ক) মনোনয়নপত্র ক্রয়ের মূল রশিদ;

খ) প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের ছায়ালিপি;

গ) প্রতিনিধির পরিচয়পত্রের কপি;

ঘ) সদ্যতোলা প্রার্থীর ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;

ঙ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;

চ) সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত ২০২০) এর ৮৮(৩) বিধি মোতাবেক দেনা-পাওনা নেই মর্মে সমিতির সভাপতি/নির্বাহী কর্মকর্তা হতে গৃহীত প্রত্যয়নপত্রের মূলকপি ।

ছ) সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৯(২)(খ)(গ) ও (ঘ) ধারা ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪(সংশোধিত ২০২০) এর ২২(২) বিধি অনুযায়ী প্রার্থীর যোগ্যতার বিষয়ে সুস্পষ্ট মতামত উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট প্রাথমিক সমিতি কর্তৃক স্বাক্ষরিত ও জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়নপত্র।

১১। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিনিধিকে নির্ধারিত ফরমে পরিচয়পত্র এবং ভোট প্রদানের বিষয়ে সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার সিদ্ধান্তের (সভাপতি কর্তৃক) সত্যায়িত এবং জেলা/সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত কপি নির্বাচন কমিটির নিকট জমা দিতে হবে।

১২। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে সমবায় সমিতি আইন , ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৩৭ ধারা ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৮৭ ও ৮৮(৩) বিধি মোতাবেক যোগ্য কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতি কর্তৃক প্রত্যয়ন থাকতে হবে এবং তা উপজেলা/জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

১৩। একই সমিতির প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ এলাকার বহির্ভূত নির্বাচনী এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

১৪। অসম্পূর্ন, ঘসামাজা করা, ভূল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত প্রাথীর মনোনয়নপত্র সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) মোতাবেক বাতিল বলে গণ্য হবে।

১৬/০৬/২৫ ১৬/০৬/২৫ 16.06.2025

১৫। সমবায় সমিতি আইন ২০০1 (সংশোধিত ২০০2 ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০20) এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসরণ করে নির্বাচন পরিচালনা করা হবে।

১৬। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে ০১৭১৯৬৪২২২৯ মোবাইল নাম্বারে যোগাযোগ করা যেতে পারে।

১৭। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে কমিটির আইনানুগ সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫/০৬/২৫
মোঃ জাকির হোসেন
সহকারি পরিদর্শক
উপজলো সমবায় র্কাযালয়, ঝালকাঠি সদর
ও
সদস্য
নির্বাচন কমিটি-২০২৫
ঝালকাঠি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড.

১৬/০৬/২৫
বিকাশ চন্দ্র রায়
সহকারি পরিদর্শক
উপজলো সমবায় র্কাযালয়, ঝালকাঠি সদর
ও
সদস্য
নির্বাচন কমিটি-২০২৫
ঝালকাঠি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড.

16.06.2025
মোঃ ওয়াদুদ খান
পরিদর্শক
জেলা সমবায় র্কাযালয়, ঝালকাঠি
ও
সভাপতি
নির্বাচন কমিটি-২০২৫
ঝালকাঠি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড.

স্মারক নং-ঝালকাঠি কেসব্যাংলি/০১ তারিখঃ ১৬/০৬/২০২৫খ্রি.।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-**

০১। সভাপতি/নির্বাহী কর্মকর্তা, ঝালকাঠি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড, (তাঁকে অত্র নির্বাচনী তফসিল বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণসহ সমিতির সকল সদস্যদের নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল)।
০২। সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, ঝালকাঠি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড, (তাঁকে অত্র নির্বাচনী তফসিল বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণসহ সমিতির সকল সদস্যদের নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল)।
০৩। উপজেলা সমবায় কর্মকর্তা, ঝালকাঠী সদর/নলছিটি/রাজাপুর/কাঠালিয়া, ঝালকাঠী, (তাঁর স্ব-স্ব ওয়েভ প্রোটালে আপলোড করার জন্য অনুরোধ করা হ'ল)।
০৪। জেলা সমবায় কর্মকর্তা, ঝালকাঠী,(তাঁর ওয়েভ প্রোটালে আপলোড করার জন্য অনুরোধ করা হ'ল)।
০৫। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।
০৬। মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড, ঢাকা।
০৪। নোটিশ বোর্ড।

16.06.2025
মোঃ ওয়াদুদ খান
পরিদর্শক
জেলা সমবায় র্কাযালয়, ঝালকাঠি
ও
সভাপতি
নির্বাচন কমিটি-২০২৫
ঝালকাঠি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড.